

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০০৬.১৯.৭৫

তারিখ: ২ আষাঢ় ১৪২৯

১৬ জুন ২০২২

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্প (কোড নং-২২৪০১৭২০০) বাস্তবায়নের জন্য অর্থ ছাড়।

এ বিভাগ কর্তৃক জারিকৃত ০৫/০৬/২০২২ তারিখে ৩৭.০০.০০০০.১২৪.১৪.০০৬.১৯.৬১ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে জিওবি অংশের বরাদ্দ হতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

(লক্ষ টাকা)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ ডি.পি.পি অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম ১ম/২য়/৩য়/৪র্থ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত) (কোড নং-২২৪০১৭২০০)	অনুমোদিত	৪র্থ কিস্তি	৩০১০.৫০ লক্ষ	০.০০ লক্ষ	৩০১০.৫০ লক্ষ

২। এ ব্যয় বর্তমান অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-২২, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের (কোড নং-১২৫০১) আওতায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত)” শীর্ষক অনুমোদিত প্রকল্পের অনুকূলে (কোড নং-২২৪০১৭২০০) হতে বহন করা হবে;

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এ অংকের বহির্ভূত);

৪। প্রকল্পটির অনুকূলে অবমুক্তকৃত অর্থ অনুমোদিত ডিপিপি’র প্রাক্কলিত ব্যয় বিভাজন অনুসারে ব্যয় করতে হবে;

৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে অবশ্যই সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;


৬। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA-2006 এবং PPR-2008 সহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৭। এ বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক এ অর্থ উঠাতে পারবেন।

ছাড়কৃত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। এবং

৮। অর্থ বিভাগের ১৫ জুন ২০২২ তারিখের অফিস স্মারক নং ০৭.০০.০০০০.১০২.২০.০১৭.১৬-২১২ এ প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

...



১৬-৬-২০২২

আসমা নাসরীন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫৪০৬১৪

ইমেইল:

planning.sec4@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০০৬.১৯.৭৫/১(৭)

তারিখ: ২ আষাঢ়, ১৪২৯

১৬ জুন ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৩) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রকল্প পরিচালক, কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট (১ম সংশোধিত) প্রকল্প, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ৫) উপসচিব (বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১৬-৬-২০২২

আসমা নাসরীন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)